অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/19/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রাজ্যব্যাপী স্টেট-ফিমা টিকা সাইট খোলার তারিখ এবং সময়সূচীর তথ্য ঘোষণা করেছেন

ব্রুকলিন এবং কুইন্সের সাইটগুলো 24ফেব্রুয়ারি খোলা হবে- যোগ্য নিউ ইয়র্কবাসীরা 20 ফেব্রুয়ারি শনিবার রাত 8টায় ব্রুকলিন এবং কুইন্স স্টেট-ফিমা টিকাকরণ সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট করা শুরু করতে পারবেন

বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কারস-এর সাইটগুলো 3 মার্চ খোলা হবে- যোগ্য নিউ ইয়র্কবাসীরা 24 ফেব্রুয়ারি, বুধবার সকাল 8টায় বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কার স্টেট-ফিমা টিকা সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট তৈরি শুরু করতে পারবেন

এক সপ্তাহের জন্য কম টিকা হার সম্পন্ন এলাকার নিউ ইয়র্কবাসীদের জন্য প্রাথমিকভাবে অ্যাপয়েন্টমেন্ট শিডিউলিং রিজার্ভ করা আছে; অ্যাপয়েন্টমেন্ট তারপর প্রতিটি সাইটের হোস্ট বরো বা কাউন্টির সকল বাসিন্দাদের জন্য উন্মুক্ত হবে

ছয়টি সাইটের সবগুলো সুবিধাবঞ্চিত সম্প্রদায়কে টার্গেট করে, যা কুওমো ও বাইডেন প্রশাসনের ন্যায্য ও দক্ষতার সাথে টিকা বিতরণের প্রচেষ্টার অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির সাথে অংশীদারিত্বের মাধ্যমে ছয়টি কমিউনিটি ভিত্তিক টিকাকরণ সাইটের উদ্বোধনের তারিখ এবং সময়সূচীর তথ্য ঘোষণা করেছেন। বিশেষ করে, ব্রুকলিন এবং কুইন্সে অবস্থিত সাইটগুলো 24 ফেব্রুয়ারি বুধবার থেকে টিকা দান শুরু করবে, যেখানে বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কার সাইটগুলো 3 মার্চ থেকে টিকা দান শুরু করবে। কুইন্স এবং ব্রুকলিনের সাইটগুলি প্রতিদিন সকাল 8টা থেকে রাত 8টার মধ্যে চলবে। ব্রুকলিন এবং কুইন্সের সাইটগুলি প্রতিটির প্রতিদিন 3,000 টিকা দান করার ক্ষমতা আছে, যখন বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কার সাইটগুলির প্রতিদিন 1,000 ডোজ টিকা দান করার ক্ষমতা আছে।

যোগ্য নিউ ইয়র্কবাসীরা 20 ফেব্রুয়ারি শনিবার, সকাল 8টায় ব্রুকলিন এবং কুইন্স সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট শুরু করতে পারবেন নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য' ওয়েবসাইট অথবা রাজ্যের COVID-19 টিকাকরণ হটলাইনে 1-833-NYS-4-VAX (1-833-697-4829) কল করে।

এরপর 24 ফেব্রুয়ারি বুধবার সকাল 8টায় বাফেলো, রোচেস্টার, ইয়ঙ্কার এবং আলবানি সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট শিডিউল খোলা হবে। নির্ধারিত সময়সূচীর প্রথম সপ্তাহের জন্য, রাজ্যব্যাপী এই ছয়টি সাইটে নিয়োগ প্রাথমিকভাবে ঐসব নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষভাবে সংরক্ষিত, যারা বর্তমানে কাউন্টি এবং বরোতে কম টিকা দেওয়ার হার সম্পন্ন এলাকায় বসবাসরত এবং টিকা দেওয়ার জন্য যোগ্য। এক সপ্তাহ পরে, প্রতিটি সাইটে অ্যাপয়েন্টমেন্ট সাইটের হোস্ট কাউন্টি, বরো বা নির্দিষ্ট টার্গেট অঞ্চলের সকল বাসিন্দাদের জন্য উপলভ্য করা হবে।

"COVID আমেরিকায় কম জোয়ার সৃষ্টি করেছে এবং ভূপৃষ্ঠের নিচে লুকিয়ে থাকা সমস্ত কুৎসিত, কাঠামোগত বর্ণবাদ, অবিচার এবং বৈষম্য উন্মোচিত করেছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা জানি যে বর্ণের সম্প্রদায়গুলি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং প্রথম দিন থেকে আমরা এই টিকার সুষ্ঠু ও ন্যায়সঙ্গত বন্টনকে অগ্রাধিকার দিয়েছি। এই সাইটগুলো খোলার সাথে সাথে, আমরা আমাদের কিছু সবচেয়ে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের উপর নাটকীয় প্রভাব বিস্তার করবো যাতে হাতে টিকা দিতে আমাদের মাঠ পর্যায়ের কাজ আরও শক্তিশালী হবে। এই স্থানগুলোকে বাস্তবে পরিণত করার জন্য তাদের অংশীদারিত্বের জন্য আমি বাইডেন প্রশাসনকে ধন্যবাদ জানাই।"

যদিও COVID-19 জাতির উপর ক্ষতিকর প্রভাব ফেলেছে, দরিদ্র সম্প্রদায় ও বর্ণের সম্প্রদায় এই ভাইরাসের দ্বারা বিশেষভাবে বিধ্বস্ত হয়েছে, যেখানে কৃষ্ণাঙ্গ ও ল্যাটিনো নাগরিকরা শ্বেতাঙ্গদের তুলনায় বেশি হারে মারা যাচ্ছে। টিকা বিতরণ প্রক্রিয়ার শুরু থেকে, আরেকটি প্রবণতা আবির্ভূত হয়েছে - এই টিকার প্রতি দ্বিধা, বিশেষ করে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে। বিপুল সংখ্যক জরুরি কর্মী বিভিন্ন বর্ণের সম্প্রদায় থেকে আসছে, এই নিউ ইয়র্কবাসীরা শুধুমাত্র তাদের কাজের প্রকৃতির কারণে এই ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকির মুখোমুখি হচ্ছে। এর ফলে এটা আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে যে শুধু এই টিকার প্রতি আস্থা রাখার জন্য কাজ চালিয়ে যাওয়া নয়, অ্যাক্সেসের বাধাগুলিও ভেঙে ফেলা এবং এটি সরাসরি এই সম্প্রদায়ের মধ্যে উপলভ্য রয়েছে তা নিশ্চিতকরণে আরো গুরুত্বপূর্ণ করে তুলেছে।

ছয়টি সাইটের জন্য অবস্থানের তথ্য এবং সময়সূচী নিচে দেওয়া হল:

ব্রুকলিন মেডগার এভারস কলেজ
1650 Bedford Avenue
Brooklyn, NY 11225
সময়: 24 ফেব্রুয়ারি থেকে শুরু করে সকাল 8টা থেকে রাত 8টা
যোগ্য জিপ কোড: 11206, 11221, 11216, 11238, 11225, 11213, 11233, 11207, 11208, 11236, 11212, 11203, 11226, 11210

কুইন্স ইয়র্ক কলেজ
94-20 Guy R Brewer Boulevard
Jamaica, NY 11451
সময়: 24 ফেব্রুয়ারি থেকে শুরু করে সকাল 8টা থেকে রাত 8টা

যোগ্য জিপ কোড: 11418, 11419, 11420, 11430, 11435, 11436, 11439, 11432, 11433, 11434, 11423, 11412, 11413, 11427, 11428, 11429, 11411, 11422, 11691, 11692, 11693

বাফালোঃ ডেলাভান-গ্রিডার কমিউনিটি সেন্টার
877 East Delavan Avenue
Buffalo, NY
যোগ্য জিপ কোড: 14209, 14201, 14208, 14213, 14211, 14215, 14214, 14204, 14222, 14212

রচেস্টারঃ প্রাক্তন কোডাক হকআই পার্কিং লট
1345 St. Paul Street
Rochester, NY
যোগ্য জিপ কোড: 14605, 14613, 14611, 14608, 14621, 14619, 14606, 14615, 14614, 14609, 14604, 14603

ইয়ঙ্কারস এবং মাউন্ট ভার্নন: নিউ ইয়র্ক ন্যাশানাল গার্ড আর্মারি
2 Quincy Place
Yonkers, NY
যোগ্য জিপ কোড: 10705, 10701, 10550, 10553, 10704, 10703, 10552

আলবানি, স্কেনেকটেডি, ট্রয়: ওয়াশিংটন এভিনিউ আর্মারি
195 Washington Avenue
Albany, NY
যোগ্য জিপ কোড: 12202, 12206, 12210, 12209, 12207, 12222, 12180, 12307, 12308, 12305, 12304

FEMA, যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সেবা বিভাগ (U.S. Department of Health and Human Services), প্রতিরক্ষা বিভাগ (Department of Defense) ও অন্যান্য ফেডারেল এজেন্সির সহায়তায়, এই সাইটগুলো ফেডারেল ক্লিনিক্যাল ও নন-ক্লিনিক্যাল স্টাফ এবং ঠিকাদারদের একত্রিত করবে যারা ন্যাশনাল গার্ড, নিউ ইয়র্ক স্টেট, স্থানীয় নেতা ও কমিউনিটি ভিত্তিক সংস্থার সাথে কাজ করবে। প্রতিটি অবস্থান এটি যে নির্দিষ্ট সম্প্রদায়টি পরিবেশন করছে তার চাহিদা পূরণের জন্য তৈরি করা হবে।

2020 সালের শেষের দিকে, গভর্নর সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাদো, ন্যাশনাল আরবান লীগের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মরিয়াল ও হেলথফার্স্টের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে নিউ ইয়র্কের ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force) চালু করার ঘোষণা দেন। প্রতিষ্ঠার পর থেকে টাস্ক ফোর্স টিকা দেওয়ার

ক্ষেত্রে বাধা ভেঙ্গে এবং স্টেট জুড়ে ভ্যাকসিনের ন্যায়সঙ্গত বন্টন রয়েছে কিনা তা নিশ্চিত করে এবং দুর্বল ও নিম্নবিত্ত সম্প্রদায়গুলি যাতে পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ অব্যাহত রেখেছে।

উপরন্তু, নিউ ইয়র্ক চার্চ, কমিউনিটি সেন্টার ও পাবলিক হাউজিং কমপ্লেক্সে সরাসরি সম্প্রদায়গুলির ভিতরে 90টিরও বেশি অস্থায়ী কমিউনিটি ভিত্তিক 'পপ আপ' টিকা সাইট স্থাপন করেছে রাজ্য জুড়ে যা ঐতিহ্যগত স্বাস্থ্য সেবা ব্যবস্থার দ্বারা অপর্যাপ্ত পরিষেবা দেওয়া হয়েছে। 15 জানুয়ারি থেকে প্রায় 42,500 নিউ ইয়র্কবাসী এই কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইটে তাদের প্রথম COVID-19 টিকা ডোজ পেয়েছে। প্রথম ডোজ প্রদানের পর, সাইটগুলি তারপর দ্বিতীয় ডোজ প্রদান করার জন্য তিন সপ্তাহ পরে পুনরায় প্রতিষ্ঠিত হয়।

নিউ ইয়র্ক এই সমস্ত পপ-আপ সাইটগুলি প্রতিষ্ঠা অব্যাহত রাখবে যতক্ষণ না এগুলিকে সমস্ত 33 NYCHA সিনিয়র হাউজিং ডেভেলপমেন্টে স্থাপন করা হয়, যেখানে 7,600 জনের বেশি বয়স্ক রয়েছে। এছাড়াও স্টেটব্যাপী অন্যান্য পাবলিক হাউজিং কমপ্লেক্সে পপ-আপ স্থান স্থাপন করার পাশাপাশি 300টিরও বেশি চার্চ ও সাংস্কৃতিক কেন্দ্রে যারা গভর্নর কুওমোর ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স-এর মাধ্যমে এই সাইটগুলো পরিচালনার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন